

আমাদের ময়!

টিএসসির নতুন নকশা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

৮ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৮ ফেব্রুয়ারি ২০২১ ০০:২৯



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকার পুরনো স্থাপনাগুলো অক্ষত রেখে নতুন নকশা প্রকাশ করা হয়েছে। যদিও এই নকশা এখনো চূড়ান্ত অনুমোদন পায়নি। তবে মার্চের প্রথম সপ্তাহে এ নকশা চূড়ান্ত অনুমোদন পেতে পারে বলে জানা গেছে।

নতুন নকশা অনুযায়ী টিএসসির পরিত্যক্ত সুইমিং পুল ভেঙে সেখানে ১০ তলাবিশিষ্ট একটি কমপ্লেক্স করার পরিকল্পনা করা হয়েছে। আর অডিটোরিয়াম কিছুটা বড় করার পরিকল্পনা করা হয়েছে। তবে নতুন নকশায় টিএসসির মাঠ আগের মতোই রাখা হয়েছে।

জানা গেছে, শিক্ষার্থী ও বিভিন্ন মহলের দাবির পরিপ্রেক্ষিতে টিএসসির পুরনো কাঠামো ভেঙে ফেলার সিদ্ধান্ত থেকে সরে আসে ঢাবি প্রশাসন। টিএসসির নতুন নকশা অনুযায়ী পুরনো স্থাপনাগুলো অক্ষত থাকবে। চলতি মাসের মধ্যেই গণপৃত বিভাগ থেকে এ নকশার চূড়ান্ত অনুমোদন পেলে নির্মাণকাজ শুরু করা হতে পারে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামান বলেন, সম্প্রতি গণপৃত ভবনের কর্মকর্তাদের সঙ্গে আমাদের একটি বৈঠক হয়েছে। সেখানে তারা যে নকশা দিয়েছিল, সেটি আমরা কিছু সংক্ষার করতে বলেছিলাম। নতুন নকশায় যেন

শিক্ষক-শিক্ষার্থীদের দাবির প্রতিফলন থাকে, সেদিকে নজর দিতে বলেছিলাম। আশা করছি মার্চের প্রথম সপ্তাহের মধ্যে টিএসসির নতুন নকশার চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে। এরপর টিএসসির সংক্ষার শুরু হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

